



মেয়েদের স্নাতক পর্যন্ত বিনামূল্যে শিক্ষার পরিকল্পনা সরকারের: প্রধানমন্ত্রী



সংসদ অধিবেশনে প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমান। ছবি : সংগৃহীত

নারী শিক্ষার প্রসার ও অংশগ্রহণ বাড়াতে স্নাতক পর্যায় পর্যন্ত মেয়েদের জন্য বিনামূল্যে শিক্ষা চালুর পরিকল্পনার কথা জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

বৃহস্পতিবার (৩০ এপ্রিল) ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের সমাপনী বক্তব্যে তিনি এ ঘোষণা দেন।

প্রধানমন্ত্রী বলেন, নারীরা যেন দেশের উন্নয়ন ও রাষ্ট্র গঠনে আরও বড় ভূমিকা রাখতে পারে, সে লক্ষ্যেই সরকার এ উদ্যোগ নিয়েছে। পরিকল্পনা অনুযায়ী ডিগ্রি বা স্নাতক পর্যন্ত মেয়েদের শিক্ষা সম্পূর্ণ ফ্রি করা হবে। পাশাপাশি ভালো ফলাফল অর্জনকারীদের জন্য আলাদা উপবৃত্তির ব্যবস্থাও রাখা হবে।

সরকারের এই পদক্ষেপ নারী শিক্ষাকে আরও এগিয়ে নেওয়ার পাশাপাশি সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করা হচ্ছে।

LENS ASIA